

# টেলিক্রোপ

## দিনে দশটা অডিশন আর বেঁচে থাকা বিস্কুট খেয়ে!

আজ অবশ্য জাতীয় ছোটপর্দার  
ব্যতিক্রমী অভিনেত্রী  
রতি পাণ্ডে। তাঁর অভিনয়  
সফর ফিরে দেখলেন  
চন্দন রায়

পাটনা থেকে মুম্বই। লড়াই করে নিজের জায়গা করে নেওয়ার গল্পটা অবশ্য চিরচেনা।

বাংলা বাড়িতে মানুষ হওয়া মেয়েটি এক কামরার ঘরে আপস করে নিয়েছিলেন। কেন? অভিনয়ের প্যাশনটা তখন আগ্নেয়গিরি হয়ে ফুটছে। দিনে দশটা অডিশন, বেঁচে থাকা বিস্কুট খেয়ে!

শুধু তাই নয়, মুম্বইয়ের আসার পরপরই মেয়েটি পেয়েছিলেন দুঃসংবাদ। বানভাসি হয়েছে তাঁর দেশের বাড়ি।

আঁধার পেরিয়ে আজ অবশ্য আলোয় মোড়া সেই মেয়েটির পথ। ছোটপর্দার শিল্পী হিসেবে রতি পাণ্ডে-র স্বীকৃতি আজ দেশজুড়ে।

৩৫-এর রতিকে এখন দেখা যাচ্ছে 'শোকরু' ধারাবাহিকে 'অনুসূয়া' চরিত্রে। যুদ্ধংদেহি রানির ভূমিকায়। নিজের পরিবারের পুরুষদের অন্যায়ের বিরুদ্ধেও রুখে দাঁড়াতে রতি অভিনীত চরিত্রটি মোটেই লজ্জিত হন না।

বাস্তবে রতিও কি দেশপ্রেমে উদ্বুদ্ধ?

'অন্যান্য দেশপ্রেমী নাগরিকদের মতোই আমিও চাই আমার দেশের জন্য কিছু করতে, তবে অনুসূয়ার মতো করে না হলেও অন্য কোনও ভাবে।' জানিয়েছেন রতি। 'অনুসূয়া' হিসেবে তাঁর অভিনয়ের প্রশংসা এখন সর্বত্র।

রতি অবশ্য এর কৃতিত্ব ভাগ করে নিতে চান ধারাবাহিকের নির্মাতা সিদ্ধার্থ কুমার তিওয়ারির সঙ্গে। তাঁর ভাবনাই রতিকে সাহায্য করেছে অভিনয় প্রতিভা প্রকাশ করতে।

কেরিয়ারের শুরু থেকেই বেশ কিছু স্মরণীয় মেগা ধারাবাহিকে উল্লেখযোগ্য চরিত্রে অভিনয় করে চলেছেন রতি পাণ্ডে। 'মিলে জব হাম তুম', 'হিটলার দিদি', 'বেগুসারাই', স্মরণীয় এবং বৈচিত্র্যপূর্ণ চরিত্রে বরাবর দেখা গিয়েছে রতিকে। এটা কি সচেতন সিদ্ধান্ত?

'নিশ্চয়ই, কারণ আমি বরাবরই নিতানতুন পরীক্ষানিরীক্ষায় বিশ্বাসী, তা না হলে তো একমেয়ে হয়ে যেতাম। আমার অভিনীত চরিত্রগুলির মাধ্যমে আমি ট্রেন্ডসেট্টার হতে চাই।'

সাহা জানিয়েছেন রতি।

কিন্তু টাকা পয়সার সমস্যা হয় না? চরিত্রের ব্যাপারে 'চুজি' হলে তো অনেক কাজ হারাতেও হয়?

রতি কাজ হারানোর ব্যাপারটা মেনে নিয়েছেন। তা ছাড়া একেকটি ধারাবাহিক শেষ করে বেশ কিছুদিন বিশ্রাম থাকাটাও তাঁর অভ্যাস।

তবে এ ব্যাপারে 'ঈশ্বর' এবং 'কর্মফল'-এর উপর বিশ্বাসী রতি পাণ্ডে। এ জীবনে তাঁর যেটুকু প্রাপ্য তা তিনি ঠিকই পাবেন, সংভাবে কাজের কাজটা করে গেলে।

তবে মেগা ধারাবাহিকে অভিনয় করলেও কোনও রিয়ালিটি শো-এ আজ পর্যন্ত কেন দেখা গেল না এই জনপ্রিয় শিল্পীকে?

রতি মনে করেন, তিনি এখনও রিয়ালিটি শো-এ যোগ দেওয়ার মতো তৈরি নন, তাই আটবার ফিরিয়ে দিয়েছেন বিগ বস-এর আমন্ত্রণ।

এমনকি ব্যক্তিগত জীবনে অভিনেতা আনাস রশিদের সঙ্গে তাঁর প্রেম নিয়ে যে গুজব, তা উড়িয়ে দিয়ে রতি জানিয়েছেন, যোগ্য জীবনসঙ্গী খুঁজে পেলে বিয়ে করবেন, তবে আপাতত তিনি সিদ্ধ।

## হাত কড়া




টিভির পর্দায় ঈশিতা আর রমনের সম্পর্কটা টক ঝাল মিষ্টি। কখনও রোদ্দুর তো কখনও বৃষ্টি। এ ভাবেই দর্শকদের ভালবাসায় চারটি বছর পেরিয়ে গেল মেগা ধারাবাহিক 'ইয়ে হ্যায় মোহাব্বতে'। টিভিতে যা দেখা যায় বাস্তবেও কি তাই? 'ঈশিতা' অর্থাৎ টিভির জনপ্রিয় তারকা দিব্যাক্ষা ত্রিপাঠী, সম্প্রতি 'রমন' অর্থাৎ সহশিল্পী করণ প্যাটেলের সঙ্গে হাতকড়া বাঁধা ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে রহস্য বজায় রাখলেন। জানালেন, ভাল-মন্দ নিয়ে একসঙ্গে সহবস্থানই তো জীবন। পর্দায় এবং বাস্তবে।

## শেষ



দর্শকদের মন খারাপ হওয়াটাই স্বাভাবিক। কিন্তু ১২ জানুয়ারি শেষ হয়ে যাচ্ছে জি টিভির মেগা ধারাবাহিক 'দিল চুনডতা হ্যায়'-এর পথচলা। ওই স্লটে শুরু হচ্ছে নতুন ধারাবাহিক 'আপকে আ জানে সে'। তিতরের খবর, পুরোনো ধারাবাহিকটি আর লাভজনক অবস্থায় নেই, তাই নির্মাতারা শো-টি বন্ধ করে দিচ্ছেন।

## নতুন



'ব্লাফ মাস্টার' খ্যাত পরিচালক রোহন সিঞ্জি এবার পা রাখছেন টিভির পর্দায়, তবে প্রযোজক হিসেবে। রোহনের প্রযোজনায় নতুন শো-টির নাম 'খান নং ১'। বাস্তবের বিভিন্ন তহরুপ এবং অপরাধের ঘটনাবলির ভিত্তিতেই সাজানো হচ্ছে এই ধারাবাহিকের গল্প। বাংলার অভিনেতা রাজেশ শর্মাকে এবার হিন্দি ছোটপর্দায় দেখা যাবে রোহনের মেগাতেই। নতুন বিনোদন চ্যানেল 'ডিসকভারি জিৎ'-এ আসছে 'খান নং ১'।

## সলমনের জন্য



'বিগ বস-১১' শুরু হয়েছিল বিগত বছর অক্টোবরে। শেষ হয়ে যাচ্ছে নতুন বছরের ১৪ জানুয়ারি। নির্মাতারা চেয়েছিলেন ফেব্রুয়ারি অর্ধ চলতি সিজন টেনে নিয়ে যেতে কিন্তু বাদ সাধল সলমন খানের ডেট। শীঘ্রই একাধিক ছবি এবং নতুন শো-এর শুটিংয়ে বাস্তব হয়ে পড়বেন ভাইজান। তাই জানুয়ারিতেই শেষ করতে হল 'বিগ বস-১১'-এর সফর।